# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪১৩

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ পেশাব-পায়খানা করার সময় কিবলার দিকে মুখ করা ও পিঠ করার ব্যাপারে হুশিয়ারী

## ذِكْرُ الزَّجْرِ عَنِ اسْتِدْبَارِ الْقِبْلَةِ وَاسْتِقْبَالِهَا بِالْغَائِطِ والبول

আরবী

1413 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي السَّرِيِّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَخْبَرَنَا مَعْمَرٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا أَتَى أَحَدُكُمُ الْغَائِطَ فَلَا يَسْتَقْبِلِ الْقِبْلَةَ وَلَا يَسْتَدْبِرْهَا بِغَائِطٍ وَلَا بَوْلٍ وَلَكِنْ شَرِّقُوا أَوْ غَرِّبُوا)
قَالَ أَبُو أَيُّوبَ: فَلَمَّا قَدِمْنَا الشَّامَ وَجَدْنَا مَرَاحِيضَ قَدْ بُنِيت نَحْوَ الْقِبْلَةِ فكُنَّا ننحرف عنها ونستغفر الله.
الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1413 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৪১৩. আবূ আইয়ূব আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "যখন তোমাদের কেউ পায়খানায় যাবে, তখন সে যেন কিবলার দিকে মুখ না করে এবং পেশাব-পায়খানা করার সময় যেন পিঠও না করে। বরং তোমরা পূর্বদিক অথবা পশ্চিম দিকে বসে হাজত পূরণ করবে।"

আবূ আইয়ূব আনসারী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "অতঃপর যখন আমরা শামে আগমন করলাম, তখন দেখতে পেলাম সেখানকার টয়লেটগুলো কিবলার দিকে স্থাপন করা হয়েছে। অতঃপর আমরা সেখান থেকে ইস্তিগফার করতে করতে ফিরে আসি।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪২১; আবূ আওয়ানা: ১/১৯৯; তাবারানী: ৩৯৩৫; হুমাইদী: ৩৭৮; সহীহ আল বুখারী: ৩৯৪; সহীহ মুসলিম: ২৬৪; শারহু মা'আনিল আসার: ৪/২৩২; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫০; ইবনু মাজাহ: ৩১৮; নাসাঈ: ১/২১-২২; মুয়াত্তা ইমাম মালিক: ১/১৯৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ১৪১৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90727

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন